গাংনীতে আন্তর্জাতিক অহিংসতা দিবস পালিত

“গাংনীতে আন্তর্জাতিক অহিংসতা দিবস পালিতঅহিংসতার প্রথম নীতিই হলো অমার্যাদাকে প্রত্যক্ষাণ করা, নিস্ক্রিয় থেকে অহিংসা প্রতিষ্ঠা করা যায়না” ভারতের অবিসংবাদিত নেতা মহাত্না গান্ধির এ উক্তিকে সামনে নিয়ে মেহেরপুরের গাংনীতে পালিত হয়েছে আন্তর্জাতিক অহিংসতা দিবস।

দিবসটি পালন উপলক্ষে আজ শনিবার (২ অক্টোবর) সকাল ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা প্রেসক্লাবের সামনে এক দীর্ঘ মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দি হাঙ্গার প্রজেক্ট-বাংলাদেশ-এর সহযোগিতায় পিচ ফ্যাসিলেটেটর গ্রুপ (পিএফজি) গাংনী শাখার আয়োজনে এ মানববন্ধন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে সভাপতিত্ব করেন জাতীয় কন্যা শিশু অ্যাডভোকেসি ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি সিরাজুল ইসলাম মানববন্ধনে সভাপতিত্ব করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক মনিরুজ্জামান মাস্টার, জাতীয় পার্টি (জাপা) কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য আব্দুল বাকী, গাংনী উপজেলা বিএনপির গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দাল হক, জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সভাপতি বাবলু রহমান, সাধারণ সম্পাদক জান মহাম্মদ, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির (মার্কসবাদী) এর কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড আবুল হাসেম, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ গাংনী এরিয়া অফিসের সমন্বয়কারী হেলাল উদ্দীন, পিএফজির অ্যাম¦◌াসেডর আফরোজা বানু, সাংবাদিক জুলফিকার আলী কানন প্রমুখ।

বক্তারা বলেন, সমাজের হিংসা বিদ্বেস ভুলে এক সাথে কাজ করাই ছিল ভারতের অবিসংবাদিত নেতা মহাত্নাগান্ধির দর্শন। তার অহিংস দর্শনের এই অহিংস রাজনীতিই পারে সমাজের সৃংখলা ফিরিয়ে আনতে। আমাদের সকলের উচিৎ সমাজ বির্নিমানে মহাত্নাগান্ধির সে দর্শণে পথ চলা।

[illegible]

[illegible]

[illegible]

দর্শনায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে সাংবাদিকরা

সারাদেশে সাংবাদিক নির্যাতন ও হত্যার প্রতিবাদসহ ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে নেমেছে সাংবাদিকরা। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে করা হয়েছে বিক্ষোভ ও মানববন্ধন কর্মসূচি।
এ কর্মসূচিতে অংশ নিয়েছে জেলার ৫ টি প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ। গতকাল শুক্রবার সকাল ১০ টার দিকে দর্শনা প্রেস ক্লাবের সামনের মহাসড়কে প্রায় দেড় ঘণ্টা ব্যাপি মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালিত হয়।
এ সময় সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করণ, হত্যা বন্ধ ও ডিজিটাল নিরাপত্তা আইন অবিলম্বে বাতিলের দাবী তুলে বক্তব্য দেন দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, জীবননগর সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক জামাল হোসেন, জীবননগর প্রেস ক্লাবের দপ্তর সম্পাদক শামসুল আলম চঞ্চল, সাবেক সাধারণ সম্পাদক আতিয়ার রহমান, হিজলগাড়ি প্রেস ক্লাবের সভাপতি আরিফ হাসান, সাধারণ সম্পাদক সেলিম রেজা, শামীম মিজি, সরোজগঞ্জ প্রেস ক্লাবের সাংগঠনিক সম্পাদক লাবলুর রহমান, প্রচার সম্পাদক ইকরামুল হক, হাসাদাহ প্রেস ক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমান, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে আরো বক্তব্য দেন, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, মনিরুজ্জামান সুমন, ইয়াসির আরাফাত মিলন, সিনিয়র সাংবাদিক এফএ আলমীগর ও আজাদ হোসেন।
দর্শনা প্রেস ক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডলের উপস্থাপনায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বর্তমান পরিষদের সহ-সভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলা, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাংবাদিক হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, আলমগীর,

ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন, আফজাজুল হক, আলতাব হোসাইন, ইয়াছিন জুয়েল প্রমুখ।
আয়োজনের সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক, হারুন রাজু। বিক্ষোভ সমাবেশে বক্তারা বলেন, ডিজিটাল নিরাপত্তা আইন সাংবাদিকদের স্বাধীনতার অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। এ আইন বলবৎ থাকলে দুর্নিতীবাজ ও অপরাধীরা সহজেই পার পেয়ে যাবে। সাংবাদিকরাই সকল অন্যায় ও দুর্নিতীর বিরুদ্ধে খুরধার লেখনীর মধ্য দিয়ে সমাজ তথা জাতীর সামনে তুলে ধরে। তাই এ কালো আইন অবিলম্বে বাতিল করতে হবে। সেই সাথে সাংবাদিকদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে সরকারকে। অহেতুক মিথ্যা অভিযোগ তুলে যে সকল সাংবাদিককে কারাবন্দি রাখা হয়েছে অবিলম্বে তাদের মুক্তি দিতে হবে। অন্যথায় রাজপথ ছাড়বেনা সাংবাদিকরা।

বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখার আনন্দ র্যালি

বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে বাংলাদেশ ছাত্রলীগ মেহেরপুর জেলা শাখা আনন্দ র্যালি করেছে। গতকাল বুধবার বিকালে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের নেতৃত্বে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির বাসভবন থেকে আনন্দ র্যালিটি বের হয়ে মেহেরপুর বড়বাজার চার রাস্তার মোড় প্রদক্ষিণ করে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এসে শেষ হয়।
পরে সেখানে মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহাজান আলী, সাধারণ সম্পাদক মুন্তাসির জামান মৃদুল, সহ-সভাপতি দুলাল মাহমুদ, যুগ্ম-সাধারণ সম্পাদক খন্দকার জনি, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আবিদ হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন আহমেদ। এ সময় সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলকার নাইন বাইজিদসহ বিভিন্ন ইউনিয়ন থেকে আগত নেতাকর্মীরা উপস্থিত ছিলেন ।

ঝিনাইদহে ছাত্রলীগের আনন্দ র্যালী

বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে ঝিনাইদহে আনন্দ র্যালী ও সমাবেশ করেছে ছাত্রলীগ।
জেলা ছাত্রলীগের আয়োজনে গতকাল মঙ্গলবার বিকালে সরকারি কেসি কলেজ চত্বর থেকে আনন্দ র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পায়রা চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, সাধারণ সম্পাদক আব্দুল আওয়ালসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
বক্তারা, বাংলাদেশকে উন্নয়নশীল দেশে উন্নীত করার পুরো অবদান প্রধানমন্ত্রী শেখ হাসিনার উল্লেখ করে তাঁর হাতকে শক্তিশালী করতে সকলের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহের হাটগোপালপুরে আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ

আলজাজিরা টেলিভিশনে মিথ্যা সংবাদ প্রচার ও ষড়যন্ত্রের প্রতিবাদে ঝিনাইদহে আওয়ামী লীগের বিক্ষোভ সশাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকালে সদর উপজেলার পূর্বাঞ্চল আওয়ামী লীগের আয়োজনে হাটগোপালপুর বাজারে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।
পদ্মাকর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি সাহাবুদ্দিন বিশ্বাসের সভাপতিত্বে ইউপি চেয়ারম্যান সৈয়দ নিজামুল গনি লিটু’র পরিচালনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি তৈয়ব আলী

জোয়ার্দ্দার। এছাড়াও যুগ্ম-সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সঞ্জু, ধর্ম বিষয়ক সম্পাদক এস এম আনিছুর রহমান খোকা, হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক জাহাঙ্গীর হুসাইন, জজ কোর্টের জিপি এ্যাড. বিকাশ কুমার ঘোষ, আওয়ামী লীগ নেতা গোলাম সরোয়ার খান সউদ, সদর থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জে এম রশীদুল আলম, পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জেলা পরিষদের সদস্য ইমাজুল হক, ফুরসন্ধি ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড. আব্দুল মালেক মিনা, নলডাঙ্গা ইউনিয়নের চেয়ারম্যান কবির হোসেন, দোগাছি ইউনিয়নের চেয়ারম্যান ইছাহাক আলী জোয়ার্দ্দার, কুমড়াবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান আশরাফুল ইসলাম, সাধুহাটি ইউনিয়নের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, হরিশংকরপুর ইউনিয়নের চেয়ারম্যান আব্দুল্লাহ আল মাসুমসহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
এ সময় প্রধান অতিথি বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ এগিয়ে যাচ্ছে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ আরও এক ধাপ উন্নয়নের শিখরে পৌঁছাবে। সকল ভেদাভেদ ভুলে তৃণমূল নেতাকর্মীদের ঐক্যবদ্ধ হয়ে আওয়ামী লীগকে আরও শক্তিশালী করতে সকলের প্রতি আহবান জানান। এছাড়াও বক্তারা আলজাজিরাকে জঙ্গিবাদি টেলিভিশন উল্লেখ করে বাংলাদেশে সম্প্রচার বন্ধের দাবি জানান।

ভেড়ামারায় কুউপ আয়োজিত উদ্যোক্তা মেলার উদ্বোধন

ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সোহেল মারুফ বলেছেন, সৃজনশীল উদ্যোক্তারা দেশে নতুন করে কর্মসংস্থান তৈরি করে অর্থনীতিতে অবদান রাখবে। শুধু তাই নয়, আরও মানুষের কর্মসংস্থানও সৃষ্টি করতে সক্ষম হবে।
তিনি বলেন, “একজনের অর্থনৈতিক-সামাজিক স্বচ্ছলতা না থাকতে পারে, কিন্তু যখন তার একটা বড় স্বপ্ন আছে, তিনিও সফল উদ্যোক্তা হওয়ার সমান সম্ভাবনা রাখেন।”
গতকাল বৃহস্পতিবার (২৫ ফেব্রুয়ারি) বিকালে ভেড়ামারা উপজেলা

চত্বরে তিন দিনব্যাপী উদ্যোক্তা মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।
তিনি বলেন, আর্থ-সামাজিক স্বচ্ছলতা উদ্যোক্তা হওয়ার পথে একজনের যাত্রাকে সহজ করে দেয়। তবে কোনো ধরনের সমর্থন ছাড়াও যে কেউ উদ্যোক্তা হতে পারেন। আর তাই জীবনে যেতে চাইলে সংগ্রাম করতে হবে।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতানের সভাপতিত্বে
অনুষ্ঠানে জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক আব্দুল আলিম স্বপন, উপজেলার পরিষদের চেয়ারম্যান হাজী আক্তারুজ্জামান মিঠু, অতিরিক্ত পুলিশ সুপার (ভেড়ামারা সার্কেল) ইয়াসির আরাফাত, মেয়র আনোয়ারুল কবির টুটুল, তার সহধর্মিণী কবি ও লেখক আমেনা খানম, সাবেক মেয়র শামীমুল ইসলাম ছানা, ভেড়ামারা প্রেস ক্লাবের সভাপতি জাহাঙ্গীর হোসেন জুয়েল উপস্থিত ছিলেন।
কুষ্টিয়া উদ্যোক্তা পরিবার (কুউপ) নামের কুষ্টিয়ার সর্ব প্রথম অনলাইন উদ্যোক্তা গ্রুপ এ মেলার আয়োজন করে।
মেলায় ৩৭টি স্টলে বিক্রেতারা আয়োজনের পসরা সাজিয়ে বসেছেন। (কুউপ)’র সমন্বয়কারী সদৃশ্য সুলতান বলেন, মালদ্বীপ প্রবাসী তরুণ জীবন রহমান মহন এর সৃষ্টি করা (কুউপ) এর মাধ্যমে অনলাইনে কেনা- বেচা করা নারী ও পুরুষ উদ্যোক্তাদের হরেক পণ্যের সমাহার বসে এ মেলায়। মেলা উপলক্ষে বিভিন্ন স্টলে ছাড়ের সুবিধার পাশাপাশি সেলফি তুলেও থাকছে পুরষ্কারের ব্যবস্থা। এছাড়া ফ্রি ওয়াইফাইসহ মেহেদী উৎসবের আয়োজনও রয়েছে মেলা প্রাঙ্গণে।
মেলায় হস্তশিল্প, কারুকার্য, হাতে বানানো পোশাক, শিশুদের তৈরি পোষাক, হোম মেইড ফুড, জুয়েলারি সামগ্রী, অর্গানিক পণ্য ও ঐতিহ্যের সমাহার খাবারসহ বিভিন্ন পণ্যের আয়োজন রয়েছে সেখানে। পাশাপাশি বিভিন্ন খেলনার দোকান, মুড়ি মুড়কি, বাতাসা ও জিলাপীর দোকান বসেছে।
প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকছে এ মেলা। চলবে আগামী শনিবার (২৭ ফেব্রুয়ারি) পর্যন্ত।

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা

ঝিনাইদহে অটো রাইস মিল অনার্স এসোসিয়েশনের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সকালে শহরের জোহান ড্রীম ভ্যালী পার্র্ক মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।
অটো রাইস মিল অনার্স এসোসিয়েশন ঝিনাইদহ জেলা শাখার সভাপতি মোয়াজ্জেম হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এ.কে.এম খোরশেদ আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক মফিজ মিয়া এবং যুগ্ম-সাধারণ সম্পাদক ওমর ফারুক। বক্তারা, সরকারের কাছে তাদের দাবি আদায়ে সংগঠনের নেতা কর্মীদের আরও সংগঠিত হওয়ার আহ্বান জানান। সেই সাথে নিরাপদ চাল উৎপাদন ও ভেজাল রোধে মিল মালিকদের স্বচ্ছতার সাথে ব্যবসায় করার পরামর্শ প্রদাণ করেন। মতবিনিময় সভায় ঝিনাইদহসহ দেশের ২০ টি জেলার চালকল মালিকরা অংশ নেয়।

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির সভা

ঢাকাস্থ মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব এর উপদেষ্টা ও নির্বাহী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

গতকাল শুক্রবার বিকাল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত ঢাকার অদুরে পূর্বাচলের একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সভাপতি জনাব সেলিম আহমেদ।

সভায় মুখ্য আলোচক ছিলেন মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক জনাব এমএএস ইমন।



আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের সিনিয়র সহ সভাপতি জনাব আহসান হাবিব, সহ সভাপতি জনাব বুলবুল আহমেদ, সহ সভাপতি জনাব শাহিনুজ্জামান, সহ সভাপতি এডভোকেট মাহমুদুর রহমান মিলন, অর্থ সম্পাদক জনাব মাসুদ রেজা, নির্বাহী পরিচালক জনাব বিকলুস আহমেদ ।

এছাড়া উপস্থিত ছিলেন সংগঠনের সম্মানিত উপদেষ্টা মেহেরপুর ২ আসনের সাবেক সাংসদ জনাব আঃ গনি, এডভোকেট আঃ সালাম, রফিকুল ইসলাম পথিক, সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী জনাব আবু হেনা ও জনাব লিটন।

মুক্ত আলোচনায় অংশগ্রহন করেন ক্লাবের যুগ্ম সম্পাদক এমএম নুর ইসলাম, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক সাখাওয়াত হোসেন পিন্টু, শারমিন রত্না, তসলিমা আক্তার, ডলার শেখ, নয়ন ওসমান, দেলোয়ার হোসেন, জামিলুর রহমান সহ আরও অনেকে।

সভায় ক্লাবের পূর্ববতী কাজের মূল্যায়ন এবং পরবর্তী পরিকল্পনা সম্পর্কে প্রানবন্ত আলোচনা হয়। পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ক্লাবের মুখপাত্র সিনিয়র সহকারী জজ মিল্টন এইচ বিশ্বাস।

মেহেরপুরের আমঝুপিতে ইয়ুথ গ্রুপ গঠন

মেহেরপুরের আমঝুপিতে শিশু অধিকার রক্ষাসহ করোনা ভাইরাস প্রতিরোধ, শিশু বিবাহ, শিশু নির্যাতন, শিশু শ্রম বিষয়ে জনগণকে সচেতন করতে ইয়ুথ গ্রুপ গঠন করা হয়েছে।
গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে মানব উন্নয়ন কেন্দ্র মউক এর হল রুমে এ উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ শিশু অধিকার ফোরামের সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।
মউক নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম এর সভাপতিত্বে এ গঠন

সভায় ইয়ুথ গ্রুপ গঠন এর উদ্দেশ্য, শিশু অধিকার বর্তমান করোনা পরিস্থিতি ও শিশু নির্যাতনের বিভিন্ন তথ্য তুলে ধরা হয়। আলোচনা শেষে রওনক জাহান কে সভাপতি ও গোলাম রেজা কে সাধারণ সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট একটি ইয়ুথ গ্রুপ গঠন করা হয়।

সভাটি পরিচালনা করেন মানবাধিকার কর্মী সাদ আহাম্মদ।